বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
প্রোগ্রামিং শাখা

১৫ ডিসেম্বর/২০১৯ খ্রি: অনুষ্ঠিত বিআরডিবি'র ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | | মোঃ হাসানুল ইসলাম,এনডিসি<br>পরিচালক |
| সভার তারিখ | : | ১৫ ডিসেম্বর/২০১৯ খ্রি: |
| সভার সময় | : | বিকাল ০৩.৩০ ঘটিকা |
| স্থান | : | পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক দ্রষ্টব্য। |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ২০১৯-২০২০ অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি এবং এ বিষয়ে তিনি সকলের নিকট গঠনমূলক পরামর্শ প্রত্যাশা করেন। সে মোতাবেক বিআরডিবি'র ২০১৯-২০ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী আলোচনা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | সভা অনুষ্ঠান | i. ২০১৯-২০ অর্থবছরে বিগত ১৪.১০.২০১৯ খ্রি: এবং ২৯.০৮.২০১৯ খ্রি: তারিখ বিআরডিবি'র ইনোভেশন টিম এর দুইটি সভা অনুষ্ঠিত হয়েছে মর্মে উপপরিচালক (প্রোগ্রামিং) সভায় জানান।<br><br>ii. ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী আরো ০৪টি সভা করতে হবে বলে সভায় আলোচনা হয়। | ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে আরো ০৩টি সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন)<br>ও<br>উপপরিচালক (প্রোগ্রামিং) |
| ০২ | বাজেট সংক্রান্ত | i. ২০১৯-২০ অর্থবছরে উদ্ভাবন খাতে ১০.০০ লক্ষ টাকা বাজেট বরাদ্দ আছে মর্মে উপপরিচালক (প্রোগ্রামিং) সভায় জানান।<br><br>ii. উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে একদিনের কর্মশালা, উদ্ভাবনের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ এবং সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন এবং উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের জন্য আর্থিক বরাদ্দ প্রদানের জন্য বাজেট অপ্রতুল মর্মে উপপরিচালক (প্রোগ্রামিং) সভায় জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ২০১৯-২০ অর্থবছরে উদ্ভাবন খাতে সংশোধনী বাজেট বরাদ্দ প্রদানের অনুরোধ জানিয়ে অর্থ বিভাগকে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক (প্রোগ্রামিং) |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়নে সক্ষমতা বৃদ্ধি | i. বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে একদিনের কর্মশালা, উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুইদিনের প্রশিক্ষণ এবং সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুইদিনের প্রশিক্ষণের তারিখ, অংশগ্রহণকারী, বাজেট ও অন্যান্য বিষয় নিয়ে আলোচনা হয়।<br><br>ii. উপপরিচালক (প্রোগ্রামিং) সভায় সদর দপ্তরের ৯ম গ্রেড ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাদের নিয়ে "উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে একদিনের কর্মশালা" আয়োজন করার বিষয়ে সভায় প্রস্তাব পেশ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | মহাপরিচালক মহোদয়ের সম্মতি সাপেক্ষে আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক (প্রোগ্রামিং) |
| ০৪ | উদ্ভাবনী উদ্যোগ পাইলটিং বাস্তবায়ন | i. বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী আগামী ১৭/১২/২০১৯ খ্রি: তারিখের মধ্যে নূন্যতম একটি উদ্ভাবনী উদ্যোগ পাইলটিং হিসেবে বাস্তবায়নের সরকারি আদেশ জারি করার বিষয়ে আলোচনা হয়।<br><br>ii. প্রোগ্রামিং শাখা কর্তৃক ২০১৯-২০ অর্থবছরে মাঠ পর্যায় থেকে প্রাপ্ত উদ্ভাবনী উদ্যোগসমূহ থেকে পাইলটিং এর জন্য তিনটি উদ্যোগ উপপরিচালক (প্রোগ্রামিং) সভায় উপস্থাপন করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। তিনটি উদ্যোগ থেকে পাইলটিং যোগ্য না পাওয়ায় পরিচালক (পরিকল্পনা) মাঠ থেকে প্রাপ্ত উদ্ভাবনী উদ্যোগসমূহের মধ্য থেকে "মোবাইলে এসএমএস এর মাধ্যমে সুফলভোগীদের সাথে যোগাযোগ ও কর্জ পরিশোধে তাগাদা প্রদান" শীর্ষক উদ্ভাবনী উদ্যোগটি পাইলটিং হিসাবে বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন। এ উদ্যোগটি রাজশাহী জেলার দুর্গাপুর ও পবা উপজেলা দপ্তর থেকে নেয়া হয়েছে।<br><br>iii. পাইলটিংকৃত উদ্যোগটি বাস্তবায়ন মূল্যায়ন আগামী ০১.০৩.২০১৯ খ্রি: এর মধ্যে করার বিষয়েও আলোচনা হয়। | কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী উদ্যোগ পাইলটিং বাস্তবায়নের জন্য আফিস আদেশ জারির বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও উপপরিচালক (প্রোগ্রামিং) |
| ০৫ | ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন | প্রোগ্রামিং শাখায় কর্মরত এএমই কর্তৃক একটি ডিজিটাল সেবা "আইসিটি সংক্রান্ত অভিযোগ" সভায় উপস্থাপন করা হয়। ডিজিটাল সেবাটি অবলোকন পূর্বক সদস্যগণ এ বিষয়ে তাদের মতামত প্রদান করেন। | সভায় সদস্যগণের প্রদত্ত মতামত অনুযায়ী ডিজিটাল সেবাটি সংশোধনপূর্বক মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে। | উপপরিচালক (প্রোগ্রামিং) |
| ০৬ | সেবা সহজিকরণ | বিগত ২৯.০৮.২০১৯ খ্রি: তারিখ ইনোভেশন টিম সভার ১নং আলোচ্য সূচি অনুযায়ী সেবা সহজিকরণ বিষয়ে স্মারক ৮৭৮৩ তারিখ: ১৫.১০.২০১৯ খ্রি: অফিস আদেশ জারি করা হয়েছে। | অফিস আদেশের সিদ্ধান্তসমূহ দ্রুততম সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। | উপপরিচালক (প্রোগ্রামিং) |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | অর্ধ-বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার মূল্যায়ন | উদ্ভাবন কর্মপরিকল্পনায় অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন আগামী ৩০-০১-২০২০ খ্রি: প্রস্তুত এবং তা জানুয়ারি/২০২০ এর মধ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | নির্ধারিত তারিখের মধ্যে অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করতে হবে। | উপপরিচালক (প্রোগ্রামিং) |
| ০৮ | ডিজিটাল ট্রেনিং ষ্টোর হাউজ | i. ডিমলা, নীলফামারী জেলায় আঞ্চলিক পর্যায়ে বাস্তবায়িত "ডিজিটাল ট্রেনিং ষ্টোর হাউজ তৈরী" এ বিষয়ে উদ্ভাবক নিজস্ব ব্যবস্থাপনায় ডোমেইন ক্রয় ও হোস্টিং করবে বলে সভায় জানানো হয়।<br><br>ii. এ উদ্যোগটিতে ছবি ও তথ্যের পরিমাণ বেশি এবং এর ভিডিও সংখ্যা কম হওয়ায় উদ্যোগটির বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা যায় তা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | i. উদ্ভাবককে নিজস্ব ব্যবস্থাপনায় ডোমেইন ক্রয় ও হোস্টিং বিষয়ে অনুমোদন না দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়<br><br>ii. তবে উদ্যোগটি সারা দেশে স্কেলআপ বাস্তবায়ন করার অংশ হিসাবে বিআরডিবি'র ইউটিউব চ্যানলে ভিডিও এবং তথ্য ও ছবিসমূহ বিআরডিবি'র ইনোভেশন সেবাবক্সে আপলোড করার সিদ্ধান্ত হয় তাছাড়া মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে উদ্যোগটি স্কেলআপ করার জন্য পত্র জারির মাধ্যমে সংশ্লিষ্টদের জানিয়ে দেওয়া হবে। | উপপরিচালক (প্রোগ্রামিং) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল কর্মকর্তাদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ হাসানুল ইসলাম,এনডিসি
পরিচালক

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৪১১.০৬.০৯৭.১৮.২৭৭

তারিখ: ৪ পৌষ ১৪২৬
১৯ ডিসেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (অর্থ), বিআরডিবি, ঢাকা।
২) যুগ্মপরিচালক (সিসিএম), বিআরডিবি, ঢাকা।
৩) উপপরিচালক (ঋণ), বিআরডিবি, ঢাকা।
৪) উপপরিচালক (পরিকল্পনা), বিআরডিবি, ঢাকা।
৫) উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (ইনোভেশন সেবাবক্স এ আপলোডের অনুরোধসহ)।

৬) উপপরিচালক (মার্কেটিং), বিআরডিবি, ঢাকা।
৭) সহকারী পরিচালক (পদাবিক), বিআরডিবি, ঢাকা।

নাজনীন খানম
উপপরিচালক